



বিষয় : তৈরি পোশাকের গার্মেন্ট বায়িং হাউজের অফিস পুনরায় খোলার অনুমতি প্রসঙ্গে:-

From BGBA <info@bgbabd.org>

To psecy@pmo.gov.bd

secy@mincom.gov.bd , sectext@gmail.com , secretary@hsd.gov.bd , secretaryhealthservice@gmail.com ,
dg@dot.gov.bd , dilip.saha2@gmail.com , saiful31ac@gmail.com , psecyps@pmo.gov.bd ,
ps2secy@mincom.gov.bd , saifurmurad@yahoo.com 1 more...

Bcc info@bgbabd.org

Date 26/04/2020 1:25 pm



Dear Sir,

Greetings from BGBA.

Kindly acknowledge of the enclosed letter.

Thank you.

Best Regards

Aminul Islam

Secretary General/Director-Members

Cell: +8801714134387

489-PO-PMO-তৈরি পোশাকের ...



Bangladesh Garment Buying House Association

House # 37 Flat # C-1 (1stFl) Road No. # 27, Block # A, Banani, Dhaka -1213. Bangladesh
Web:www.bgbabd.org E-mail:info@bgbabd.org Hotline:+8801673230851Tel:+880255033375-76

বিজিবিএ/পিও-পিএমও/৪৮৯/২০২০

২৬ই এপ্রিল, ২০২০ইং

মাননীয় মুখ্যসচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,
তেজগাঁও, ঢাকা।

বিষয় : তৈরি পোশাকের গার্মেন্ট বায়িং হাউজের অফিস পুনরায় খোলার অনুমতি প্রসঙ্গে:-

মহোদয়,

বাংলাদেশসহ বিশ্বব্যাপী করোনা ভাইরাস মহামারী এর কারণে বাংলাদেশে গার্মেন্ট বায়িং হাউজ এর অফিসসহ প্রায় সকল প্রকার অফিস মাসাধিককাল ছুটি ঘোষণা করা হয়েছে। আপনি জানেন যে, গার্মেন্ট বায়িং হাউজগুলো তৈরি পোশাক উৎপাদনের অগ্রভাগে থেকে এর দিক নির্দেশনা দিয়ে কাজটি পরিচালনা করে থাকে। বিদেশী বায়ারদের চাহিদা বিবেচনা করে তাদের সাথে যোগাযোগ, উৎপাদন সম্পর্কিত তথ্যাদি বিনিময়, নেগোশিয়েশন, গার্মেন্ট স্যাম্পল প্রেরণসহ জাহাজীকরণ পর্যন্ত বিপণনের কাজটি বায়িং হাউজগুলো করে আসছে। কিন্তু সরকারী নির্দেশনায় সকল অফিস-ব্যবসা প্রতিষ্ঠান এবং একইভাবে বায়িং হাউজের অফিসগুলো ছুটিতে থাকায় উৎপাদনের সাথে জড়িত বায়িং হাউজগুলোর মার্চেভাইজার, কোয়ালিটি কন্ট্রোল ম্যানেজার সহ কারিগরী জ্ঞানসম্পন্ন কর্মীগণ এই কাজটি করতে পারছে না। এতে তৈরি পোশাক কারখানা চালু করলেও বায়িং হাউজ লোর উল্লেখিত কর্মীগণ নিয়মিত উপস্থিত না থাকার কারণে উৎপাদন সম্পর্কিত কোনো প্রতিবেদন বায়ারের নিকট প্রেরণ করতে পারবে না বিধায় রপ্তানীর জন্য অনুমোদন পাওয়া দুরূহ হয়ে দাড়াবে। ইহা ছাড়া, তৈরি পোশাক কারখানাগুলো দূর-দূরান্তে অবস্থিত হওয়ার কারণে, বায়িং হাউজগুলোর কর্মীগণকে বহন করার জন্য সীমিত আকারে যানবাহন ব্যবহার করার প্রয়োজন পড়বে।

এদিকে তৈরি পোশাক রপ্তানিতে প্রনোদনা ঘোষণার জন্য মাননীয় প্রধানমন্ত্রীকে আমি বাংলাদেশ গার্মেন্ট বায়িং হাউজ এসোসিয়েশন (বিজিবিএ) এর পক্ষ থেকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। পবিত্র মাহে রমজান মাসে-এ সেক্টরে কর্মরত প্রায় চার লক্ষাধিক দক্ষ শিক্ষিত কর্মীর জীবন-জীবিকা সরকারী ছুটি থাকার কারণে এখন স্থবির। বিশেষ করে বড় ও মাঝারি বায়িং হাউজগুলো বেশী সংখ্যক ভাবে ঢাকাস্থ ডিওএইচএস এলাকাতে অবস্থিত। তারা সামাজিক দুরূহ ও স্বাস্থ্যবিধি অনুসরণ করে কাজ করতে যথেষ্ট সচেতন। প্রয়োজনে সরকার বা স্বাস্থ্য অধিদপ্তরের আরোপিত সকল স্বাস্থ্যবিধি অনুসরণ করতে বায়িং হাউজগুলো বাধ্য থাকবে।



Bangladesh Garment Buying House Association

House # 37 Flat # C-1 (1stFl) Road No. # 27, Block # A, Banani, Dhaka -1213. Bangladesh
Web:www.bgbabd.org E-mail:info@bgbabd.org Hotline:+8801673230851Tel:+880255033375-76

এমতাবস্থায়, তৈরী পোশাক রপ্তানির বিষয়টি অগ্রাধিকার বিবেচনায় বাংলাদেশে কর্মরত সকল বায়িং হাউজ এর অফিসগুলো পুনরায় খোলার অনুমতি দেওয়ার জন্য বিনীত অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

কাজী ইফতেখার হোসাইন

সভাপতি

মোবা: +৮৮০১৭১১৫৩৭১১০

অনুলিপিঃ

- ১) মাননীয় সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) মাননীয় সচিব, বানিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) মাননীয় সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, কাগুরান বাজার, ঢাকা।